



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৬, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-৩ শাখা)
প্রজ্ঞাপন

তারিখ, ২৫শে পৌষ ১৪১২/৮ই জানুয়ারি ২০০৬

এস, আর, ও নং ০৩ আইন/২০০৬—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬০-আইন/২০০৫, তারিখ ০২ ভাদ্র, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১৭ আগস্ট, ২০০৫ খ্রীস্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য যশোর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু The Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা যশোর জেলার শার্শা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ২২ পৌষ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৫ জানুয়ারি, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বেনাপোল মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(১০৫)

মূল্য : টাকা ২.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জেএল নং	দাগ নং
১	২	৩	৪	৫
১।	বেনাপোল	সাদীপুর	৪৬	১১০১—১৮২৩, ২০৭০—২০৭৮, ২০৮০—২০৮১, ২০৮৩—২৩৬৯, ২৩৭১—২৬২২।
২।	বেনাপোল	বেনাপোল	৪৮	১—৯৯৬
৩।	বেনাপোল	কাগজপুকুর	৫০	১১৪৭—১৬৮০
৪।	বেনাপোল	দিঘীরপাড়	৮৭	১—৫০৯
৫।	বেনাপোল	ভবেরবেড়	৮৮	১—৩৯১, ৪৯১—৭৯০, ১২৮৬—১২৮৮
৬।	বেনাপোল	ছোটআঁচড়া	৮৯	১—৭১৪
৭।	বেনাপোল	বড়আঁচড়া	৯০	১—৪৮৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

সহিদুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।